2025/FYUG/EVEN/SEM/
BNGDSM–251/252(A/B)/174

**FYUG Even Semester Exam., 2025**

# BENGALI

**( 4th Semester )**

Course No. : BNGDSM–251/252

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

Candidate have to answer *either* for Option—A *or* Option—B

## OPTION—A

Course No. : BNGDSM–251/252 (A)

**( উনিশ শতকের বাংলা কবিতা ও নাটক )**

### UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'মেঘনাদবধ কাব্য' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? মেঘনাদের অপর নাম কী ছিল?

(খ) 'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গের নাম কী? সরমা কে?

(গ) 'মেঘনাদবধ কাব্য'-এর নায়ক কে? বীরবাহু কে ছিলেন?



https://www.learn-fo.com

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গ অবলম্বনে রাবণের চরিত্র-চিত্রণ করো।

(খ) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রধান রস বীররস না করুণরস, আলোচনা করো।

## UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বিহারীলাল চক্রবর্তীর 'সুরবালা' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? এই কাব্যগ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(খ) 'হৃদয় সমুদ্রসম' কবিতাটি কার লেখা? তাঁর একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(গ) "হে অশোক, কোন্ রাঙ্গা-চরণ-চুম্বনে
মর্মে মর্মে শিহরিয়া হ'লি লালে-লাল?"

কোন্ কবিতার অংশ? 'রাঙ্গা' শব্দের অর্থ কী?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বিহারীলাল চক্রবর্তীর 'সুরবালা' কবিতাটির কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ করো।

(খ) 'অশোক-তরু' কবিতা অবলম্বন করে কবি দেবেন্দ্রনাথ সেনের প্রকৃতি-চেতনার পরিচয় দাও।





## UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'সোনার তরী' কাব্যগ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? এই গ্রন্থের প্রথম কবিতাটির নাম কী?

(খ) 'সোনার তরী' কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে? 'পরশপাথর' কবিতাটিতে কে অবিরত পরশপাথরের সন্ধান করে চলেছে?

(গ) 'যেতে নাহি দিব' কবিতাটিতে কোন্ ঋতুর উল্লেখ রয়েছে? কবির কন্যার বয়স কত?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'সোনার তরী' কবিতাটির রূপকার্থ, কবিতাটি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

(খ) "...'যেতে নাহি দিব।' হায়,
তবু যেতে দিতে হয়, তবু চলে যায়।"

এই চিরকালীন আক্ষেপের মধ্য দিয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের 'যেতে নাহি দিব' কবিতাটির মর্ত্যপ্রীতির পরিচয় দাও।

## UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) মধুসূদন দত্ত কোন্ গ্রন্থ থেকে 'কৃষ্ণকুমারী' নাটকের কাহিনি গ্রহণ করেন? 'কৃষ্ণকুমারী' কোন্ শ্রেণির নাটক?

(খ) 'কৃষ্ণকুমারী' নাটক ছাড়া মাইকেল মধুসূদন দত্তের অন্য যে কোনো দুটি নাটকের নাম উল্লেখ করো।

(গ) কৃষ্ণকুমারীর মাতা ও পিতার নাম কী?



https://www.learn-fo.com

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ঐতিহাসিক নাটক হিসেবে 'কৃষ্ণকুমারী' নাটকটির সার্থকতা আলোচনা করো।

(খ) 'কৃষ্ণকুমারী' নাটকের কৃষ্ণকুমারী চরিত্রটি আলোচনা করো।

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'সধবার একাদশী' প্রহসনটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? এই প্রহসনে কয়টি অঙ্ক রয়েছে?

(খ) 'সধবার একাদশী' প্রহসনে কয়জন নারীচরিত্র আছে? যে কোনো একজন নারীচরিত্রের নাম উল্লেখ করো।

(গ) অটলের দুজন 'ইয়ার'-এর নাম উল্লেখ করো।

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'সধবার একাদশী' প্রহসনটির নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'সধবার একাদশী' প্রহসনের নিমচাঁদ চরিত্রটি আলোচনা করো।



https://www.learn-fo.com



OPTION—B

Course No. : BNGDSM-251/252 (B)

[ বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক) ]

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) ফোর্ট উইলিয়ম কলেজ কে, কবে প্রতিষ্ঠা করেন?

(খ) রামমোহন রায় রচিত ব্যাকরণ গ্রন্থটির নাম কী? তাঁর উদ্যোগে কোন্ সামাজিক কুপ্রথা বন্ধ হয়েছিল?

(গ) বাংলা ভাষায় মুদ্রিত প্রথম সাময়িক পত্রিকা কত সালে প্রকাশিত হয়েছিল? 'সংবাদ প্রভাকর' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বাংলা গদ্যের বিকাশের ক্ষেত্রে ফোর্ট উইলিয়ম কলেজের লেখকগোষ্ঠীর গুরুত্বপূর্ণ অবদানের কথা আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সম্পর্কে বলেছেন, "বাংলা গদ্যের তিনি 'প্রথম যথার্থ শিল্পী' "। বাংলা গদ্যের শিল্পকুশলতায় ঈশ্বরচন্দ্রের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা আলোচনা করো।

UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) ''অগাধ সাগর বিদ্যাসাগর তরঙ্গ তায় রঙ্গ নানা।
তাতে বিধবাদের কুলতরী অকুলেতে কুল পেল না॥''
এই চরণদুটির রচনাকার কে? কোন্ প্রসঙ্গে এখানে বিদ্যাসাগরকে ব্যঙ্গ করা হয়েছে?

(খ) নবীনচন্দ্র সেন রচিত ঐতিহাসিক গাথা কাব্যটির নাম কী? তাঁর রচিত 'ত্রয়ী' কাব্য হিসেবে পরিচিত যে কোনো একটি গ্রন্থের নাম লেখো।

(গ) 'সারদামঙ্গল' কাব্যগ্রন্থটির কবি কে? রবীন্দ্রনাথ তাঁকে কী অবিধায় ভূষিত করেছেন?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) কবি মধুসূদন দত্তের কাব্য-প্রতিভার একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) বাংলা গীতিকবিতার ধারায় কবি বিহারীলাল চক্রবর্তীর ভূমিকা আলোচনা করো।

UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) নাট্যকার রামনারায়ণ তর্করত্ন রচিত দুটি নাটকের নাম লেখো।





(খ) মধুসূদন দত্ত রচিত ঐতিহাসিক নাটকটির নাম কী? এটি কবে প্রকাশিত হয়?

(গ) গিরিশচন্দ্র ঘোষ রচিত দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) নাট্যকার দীনবন্ধু মিত্রের নাট্যকৃতির একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) বাংলা নাটকে নট ও নাট্যকার গিরিশচন্দ্র ঘোষের অবদান বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'আলালের ঘরের দুলাল' উপন্যাসটির লেখক কে? এই লেখকের ছদ্মনাম কী ছিল?

(খ) বাংলা ভাষায় রচিত বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্যাস কোনটি? তাঁর রচিত একটি সামাজিক উপন্যাসের নাম লেখো।

(গ) স্বর্ণকুমারী দেবী রচিত দুটি ছোটগল্পের নাম লেখো।

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বাংলা উপন্যাস সাহিত্যের ইতিহাসে বঙ্কিমচন্দ্রের অবদান বিষয়ে আলোচনা করো।



https://www.learn-fo.com

(খ) ''রবীন্দ্র রচনার আশ্রয়ে বাংলা ছোটগল্প প্রথম পূর্ণাঙ্গতা পেয়েছিল।'' এই উক্তিটির আলোকে বাংলা ছোটগল্পে রবীন্দ্রনাথের গুরুত্বপূর্ণ ভূমিকার বিষয়ে আলোকপাত করো।

## UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) তোমার পাঠ্যতালিকাভুক্ত দুজন নারী-আত্মজীবনীকারের গ্রন্থ দুটির নাম লেখো।

(খ) শিবনাথ শাস্ত্রী রচিত আত্মজীবনীটির নাম কী? এটি কত সালে প্রকাশিত হয়?

(গ) জীবনী ও আত্মজীবনীর মধ্যে কী পার্থক্য, সংক্ষেপে বোঝাও।

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) সৃষ্টি ও স্রষ্টা সম্পর্কে মরমী মনের যে প্রকাশ মহর্ষি দেবেন্দ্রনাথের আত্মজীবনীতে পাওয়া যায়, তোমার নিজের ভাষায় তার পরিচয় দাও।

(খ) বাঙালি নারীর লেখা প্রথম আত্মজীবনী হিসেবে রাসসুন্দরী দাসীর আত্মকথাটির ঐতিহাসিক মূল্য নিরূপণ করো।

★ ★ ★

https://www.learn-fo.com